দৈনিক সংবাদ

তারিখ ...2-1 JUL 1987...
পৃষ্ঠা ২ ... কলাম ১ ......

56

# প্রাথমিক শিক্ষকদের আন্দোলনের কর্মসূচি

বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি তাদের দাবি আদায়ের জন্য আন্দোলনের কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচিতে আছে ২রা থেকে ৬ই আগস্ট কালো ব্যাজ ধারণ, ১০ই আগস্ট প্রত্যেক থানায় বিক্ষোভ মিছিল ও স্মারকলিপি পেশ। ২৬শে আগস্ট প্রত্যেক জেলায় বিক্ষোভ মিছিল ও স্মারকলিপি পেশ। ১৫ই অক্টোবর ঢাকা জাতীয় প্রেস ক্লাব সম্মুখে মহাসমাবেশ।

গত শুক্রবার অনুষ্ঠিত এক সভায় এই কর্মসূচি গ্রহণ করা হয়। মেজর আসাদুজ্জামান (অবঃ)–এর সভাপতিত্বে তাহের মিলনায়তনে কেন্দ্রীয় কমিটির এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় বিভিন্ন বক্তা বলেন, বারবার সরকারের নিকট আবেদন জানানো সত্ত্বেও ৮০ হাজার শিক্ষকের জাতীয়করণের দাবি মেনে না নেয়ায় আন্দোলনের এই কর্মসূচি ঘোষণা দেয়া হয়। সভায় বক্তব্য রাখেন হাফিজুল ইসলাম, রুহুল কুদ্দুছ চৌধুরী, আজাহারুল ইসলাম (লালু), মোঃ আলাউদ্দিন প্রমুখ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।